চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ২৪ মার্চ ২০১৭ খ্রি.

৪৭ তম মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবসে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কর্মসূচি

৪৭ তম মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৭ উপলক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে যথাযোগ্য মর্যাদা ও ব্যাপক কর্মসূচির মধ্য দিয়ে এ দিবসটি উদ্যাপিত হবে। ২৬ মার্চ ২০১৭ খ্রি. মহান স্বাধীনতা ও জাতীয় দিবসে ভোর ৫ টা ৪৫ মিনিটের সময় কেন্দ্রীয় শহীদ মিনারে স্বাধীনতার শহীদের প্রতি শ্রদ্ধা নিবেদন করবেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ মনাছির উদ্দীন। এ ছাড়াও সকাল ৮ টা থেকে বাকলিয়াস্থ সিটি কর্পোরেশন ষ্টেডিয়ামে কুচকাওয়াজ, ডিসপ্লে ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হবে। কুচকাওয়াজে সালাম গ্রহণ করবেন সিটি মেয়র। ২৬ মার্চ বিকেল ৪.০১ টায় থিয়েটার ইনস্টিটিউটে মহান স্বাধীনতা স্মারক সম্মাননা পদক প্রদান এবং সাংস্কৃতিক প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরষ্কার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন সিটি মেয়র আ জ মনাছির উদ্দীন। ২৫ মার্চ ২০১৭ খ্রি. সন্ধ্যা ৬ টা ৩০ মিনিটে গণহত্যা দিবস স্মরণে জাকির হোসেন রোডস্থ বধ্যভুমি স্মৃতি স্তম্ভে শহীদদের প্রতি পুষ্পমাল্য অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করবেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র। উল্লেখিত কর্মসূচি সমূহ সফল করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানানো হয়েছে।

চট্টগ্রাম- ২৪ মার্চ ২০১৭ খ্রি.

৪৭ তম মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস ২০১৭ উপলক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ মনাছির উদ্দীন এর বাণী

৪৭ তম মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ মনাছির উদ্দীন এক বাণী প্রদান করেন। তিনি তাঁর বাণীতে চট্টগ্রামবাসীকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানান। তিনি মহান মুক্তিযুদ্ধের মহানায়ক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন, মহান স্বাধীনতা জাতীয় জীবনে এক অনন্য গৌরবময় দিন। ১৯৭১ সনের ২৬ মার্চ প্রথম প্রহরে স্বাধীনতার ঘোষনা দেন বাঙালি জাতির মুক্তি সংগ্রামের মহানায়ক, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। তারই নেতৃত্বে আমরা অর্জন করেছি প্রিয় স্বাধীনতা। মেয়র শ্রদ্ধার সাথে মহান মুক্তিযুদ্ধের ৩০ লক্ষ শহীদ, ২ লক্ষ সম্ভ্রম হারা মা-বোনকে শ্রদ্ধার সাথে স্মরন করেন। এ ছাড়াও মহান মুক্তিযুদ্ধে নেতৃত্ব দানকারী জাতীয় নেতা সৈয়দ নজরুল ইসলাম তাজউদ্দিন আহমদ, এম মনসুর আলী, এইচ এম কামরুজ্জামানকে কৃতজ্ঞতার সাথে স্মরন করেন। তিনি বলেন, লক্ষ প্রাণের বিনিময়ে অর্জিত স্বাধীনতা বাঙালি জাতির শ্রেষ্ঠ অর্জন। এ অর্জনকে অর্থপূর্ণ করতে সবাইকে মহান মুক্তিযুদ্ধের প্রকৃত ইতিহাস জানতে হবে এবং স্বাধীনতার চেতনাকে মনে প্রাণে ধারন করতে হবে। প্রজন্ম পরম্পরায় স্বাধীনতার আদর্শ পৌছে দিতে হবে। তিনি মহান মুক্তিযুদ্ধের আদর্শে উদ্বুদ্ধ হয়ে জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা গড়ে তোলার লক্ষে জাতীয় সংবিধানকে সমুন্নত রেখে অসা¤প্রদায়িক, জঙ্গীবাদমুক্ত, সুখী, উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ গড়ার কাজে সকলকে আত্মনিয়োগ করার আহবান জানান।

চট্টগ্রাম- ২৪ মার্চ ২০১৭ খ্রি.

৪৭ তম মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস ২০১৭ উপলক্ষে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের স্বাধীনতা স্মারক সম্মাননা পদক পাবেন

৪৭ তম মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস ২০১৭ উপলক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে ১০ জন বরেণ্য ব্যক্তিকে স্বাধীনতা স্মারক সম্মাননা পদকে ভূষিত করা হবে। আগামী ২৬ মার্চ ২০১৭ খ্রি. মহান স্বাধীনতা ও জাতীয় দিবসে বিকেল ৪ টায় থিয়েটার ইনষ্টিটিউটে স্বাধীনতা স্মারক সম্মাননা পদক প্রদান করা হবে। পদক হস্তান্তর করবেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ মনাছির উদ্দীন। ২০১৭ সনে স্বাধীনতা স্মারক সম্মাননা স্মারকে ভূষিত হবেন মুক্তিযুদ্ধে মোখতার আহমদ (মরনোত্তর), স্বাধীনতা আন্দোলনে ভূপতি ভূষন চৌধুরী (মানিক চৌধুরী মরনোত্তর), সাংবাদিকতায় আতাউল হাকিম, সাংস্কৃতিক ব্যক্তিত্ব ওস্তাদ নীরদ বরণ বড়ুয়া (মরনোত্তর), চিকিৎসায় ডা. ফজলুল আমীন (মরনোত্তর), শিশু চিকিৎসায় ড. প্রণব কুমার চৌধুরী, নারী আন্দোলনে বেগম রুনু সিদ্দিকি (মরনোত্তর), সমাজ সেবায় সাফিয়া গাজী রহমান, শিক্ষায় বেগম হাসিনা জাকারিয়া ও ক্রীড়ায় মোজাম্মেল হক।

চট্টগ্রাম- ২৪ মার্চ ২০১৭ খ্রি.

চট্টগ্রাম সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ের ৫০ বছর পূর্তি উপলক্ষে সুবর্ণ জয়ন্তি ও প্রাক্তন ছাত্রী সমাবেশে মেয়র আ জ ম নাছির উদ্দীন

আনন্দকে ভাগাভাগির পাশাপাশি দুঃখ যন্ত্রনা বেদনাকেও ভাগাভাগি করে মানবিকতার দৃষ্টান্ত দেখাতে হবে-

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ মনাছির উদ্দীন প্রাক্তন ও বর্তমানদের মধ্যে যারা অমানবিক জীবন-যাপন করে তাদের পাশে দাঁড়িয়ে মানবিকতার উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন করতে সুবর্ন জয়ন্তি উদযাপন কমিটির প্রতি আহবান জানান। তিনি বলেন, চট্টগ্রাম সরকারী বালিকা উচ্চ বিদ্যালয় থেকে বের হয়ে অনেক নারীই জীবনে সুপ্রতিষ্ঠিত হয়েছেন। তাদের সকলের সহযোগিতায় অসচ্ছল ও অভাব অনটনে থাকাদের ভাগ্যের পরিবর্তন করা সম্ভব। মেয়র অত্র শিক্ষা প্রতিষ্ঠানের অভ্যন্তরের রাস্তা কার্পেটিং করে দেয়া সহ পানি নিষ্কাশনের পথে থাকা প্রতিবন্ধকতা নিরসনের আশ্বাস দেন। প্রসঙ্গক্রমে মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, আনন্দকে ভাগাভাগির পাশাপাশি দুঃখ যন্ত্রনা বেদনাকেও ভাগাভাগি করে মানবিকতার দৃষ্টান্ত দেখাতে হবে। দেশপ্রেম,মানবতার প্রতিপ্রেম, দায়িত্ববোধ ও মূল্যবোধ থাকলে অসাধ্যকে সাধন করা যায়। তিনি সকলকে মানুষ মানুষের জন্য, দেশ ও সমাজ এর জন্য কাজ করার আহবান জনান। ২৪ মার্চ ২০১৭ খ্রি. শুক্রবার সকালে চট্টগ্রাম সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়য়ের ৫০ বছর পূর্তি উপলক্ষে প্রাক্তন ছাত্রী পরিষদ আয়োজিত সুবর্ণ জয়ন্তি উৎসবে প্রধান অতিথির ভাষনে মেয়র এসব কথা বলেন। উৎসবে সভাপতিত্ব করেন অত্র শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক মিসেস সাহেদা আক্তার। অনুষ্ঠান শুরুতে জাতীয় পতাকা ও বেলুন উড়িয়ে এবং কেক কেটে দু'দিনের অনুষ্ঠান মালার সুচনা করেন মেয়র আ জ ম নাছির উদ্দীন। অনুষ্ঠানের প্রথম পর্বে বিশেষ অতিথি ছিলেন চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক নোমান আল মাহমুদ, ৮ নং ওয়ার্ড কাউন্সিলর মোরশেদ আলম অত্র শিক্ষা প্রতিষ্ঠানের প্রক্তন প্রধান শিক্ষিকা জাহানারা বেগম। সুবর্ন জয়ন্তি উদযাপন কমিটির ফিরোজা বেগম, নাসরিন সুলতানা শাকিলা, ডা. ফারহানা আক্তার, কোহিনুর রহমান আশা, রাজিয়া সুলতানা, ডা. অনিন্দিতা ভট্টাচার্য চৌধুরী, ফারহানা ইদ্রিস বাপ্পী, জান্নাতুল ফেরদৌসী টিনা, কানিজ ফাতেমা, সামিনা আফরোজ, ফারজানা ইসলাম, নুসরাত জাহান ¯িœদ্ধা, জান্নতুল ফেরদৌস, মোজাম্মেল হোসেন ও ফারহানা আফরোজ স্মৃতি চারন করেন। অনুষ্ঠানে মেয়রকে ক্রেষ্ট ও ফুল দিয়ে শুভেচ্ছা জানানো হয় এবং সুবর্ণ জয়ন্তি উপলক্ষে প্রকাশিত স্মরনিকা সুবর্ণার মোড়ক উম্মোচন করেন মেয়র। পরে দিন ব্যাপী সাংস্কৃতিক অনুষ্ঠান ও স্মৃতি চারন চলে।

চট্টগ্রাম- ২৪ মার্চ ২০১৭ খ্রি.

দেওয়ান বাজার সি এন্ড বি কলোনী মিলন মেলায়
মেয়র আ জ ম নাছির উদ্দীন
সম্প্রীতির বন্ধন ও মানবিক মূল্যবোধ মানুষকে মহৎ হতে সহায়তা করে।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ মনাছির উদ্দীন বলেছেন, সম্প্রীতির বন্ধন ও মানবিক মূল্যবোধ মানুষকে মহৎ হতে সহায়তা করে। তিনি বলেন, আবাসিক এলাকায় এক সাথে বসবাসের মধ্য দিয়ে ভিন্ন মত ও পথের মেলবন্ধন সৃষ্টি হয় এবং চিন্তা-ভাবনায় সৃজনশীলত জন্ম নেয়। মেয়র কলোনীবাসী সকলকে দৃষ্টিনন্দন ও পরিবেশ বান্ধব কলোনী গড়ে তোলার পরামর্শ দেন। ২৪ মার্চ ২০১৭ খ্রি. শুক্রবার বেলা ১১ টায় নগরীর দেওয়ান বাজার সিএন্ডবি কলোনী বাসীর মিলনমেলায় প্রধান অতিথির বক্তব্যে মেয়র এসব কথা তুলে ধরেন। মিলন মেলা আয়োজক কমিটির আহবায়ক দাউদ আবদুল্লা আল হারুন লিটন এর সভাপতিত্বে অনুষ্ঠিত মিলন মেলায় বিশেষ অতিথি ছিলেন প্যানেল মেয়র চৌধুরী হাসান মাহমুদ হাসনী, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সমাজ বিজ্ঞান বিভাগের ডিন প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ ও চট্টগ্রাম সরকারী সিটি কলেজের অধ্যক্ষ ঝর্ণা খানম সহ অন্যরা। মিলন মেলার সদস্য সচিব সালা উদ্দিন মোহাম্মদ মারুফ, যুগ্ম আহবায়ক আবুল হোসেন বাবলু, সাইফুদ্দিন আহমেদ রুবি, আনোয়ার জানি, শাহজাদ ইবনে দিদার, জিয়াউল আবেদীন, মো. মোস্তফা মজুমদার, মো. সাইফুল করিম, ইউসুফ আবদুল্লাহ হারুন, ডা. মিজানুর রহমান, ডা. রইস উদ্দিন, অনিমেষ সাহা শংকু, জসিম উদ্দিন রিন্টু, সেলিম আকতার পিয়াল ও কঙ্কন দাশ বক্তব্য রাখেন। মিলন মেলায় নেয়ামত উল্লাহ লোটাস, আতিকুর রহমান মাসুদ মুন্না ফারুক, শামী হোসেন মোশারফ, মাকিল হোসেন, মজুমদার মো. সাইফুল করিম নাজমুল হক বাচ্চু, মসিউর রহমান সোহাগ, জিয়উর রহমান রবি, আরমান হোসেন রিজভি, মিজানুর রহমান ও আনেয়ার হোসেন রিজভী, মাওলানা আবদুল কাদের দেলোয়ার হোসেন রুবেল, দেবশীষ ও আজিজুর রহমান সুমন সহ অন্যরা দায়িত্ব পালন করেন। অনুষ্ঠান পরিচালনা ও উপস্থাপনায় ছিলেন সেলিম আকতার পিয়াল, কংকন দাশ অনিরুদ্ধ সাহা রিংকু, জসিম উদ্দিন সিদ্দিকী, রনি, অনিমেষ সাহা শংকু। মিলন মেলা শেষে র‌্যাফেল ড্র অনুষ্ঠিত হয় এবং পুরষ্কার বিতরণ করা হয়।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা